গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজী
৪৪-৫০, হাজারীবাগ, ঢাকা-১২০৯।

www.bclt.com.bd

ঃ ভর্তি বিজ্ঞপ্তি ঃ

শিক্ষা বর্ষ ঃ ২০১০-২০১১ ইং ।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদের অধীনে উপাদানকল্প বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজীতে ২০১০-২০১১ শিক্ষা বর্ষে নিম্নবর্ণিত বিভাগ সমূহে ১ম বর্ষে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাইতেছে ।

কোর্সের নাম		মেয়াদ	আসন সংখ্যা
১.	বি এসসি ইন লেদার ইঞ্জিনিয়ারিং	৪ বৎসর	৪০ টি
২.	বি এসসি ইন ফুটওয়্যার ইঞ্জিনিয়ারিং	৪ বৎসর	৪০ টি
৩.	বি এসসি ইন লেদার-প্রোডাক্টস্ ইঞ্জিনিয়ারিং	৪ বৎসর	৪০ টি
		সর্বমোট=	১২০ টি

ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতা ঃ

১. প্রার্থীকে অবশ্যই জন্মগতভাবে বা নাগরিকত্ব গ্রহণে বাংলাদেশের স্থায়ী বাসিন্দা হইতে হইবে ।

২. ২০১০ সালের এইচ.এস.সি. বা সমমান অথবা ২০০৯ সালের এইচ. এস. সি. বা সমমানের পরীক্ষায় পাশ করিয়াছে এমন প্রার্থীগন আবেদন করিতে পারিবে ।

৩. প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড হইতে বিজ্ঞান বিভাগে এস. এস. সি. কিংবা তার সমমান এবং এইচ. এস. সি. কিংবা তার সমমানের পরীক্ষায় কম পক্ষে মোট GPA 7.5 থাকিতে হইবে । তাছাড়া এইচ.এস.সি. অথবা সমমানের পরীক্ষায় অবশ্যই GPA নুন্যতম 4.0 থাকিতে হইবে । উল্লেখ্য যে, এস.এস. সি. ও এইচ. এস. সি. অথবা সমমানের পরীক্ষায় ৪র্থ বিষয় বাদে GPA হিসাব করা হইবে ।

৪. GCE “O” লেভেল এবং “A” লেভেল পাশ প্রার্থীদের ক্ষেত্রে GCE “O” লেভেল পরীক্ষায় কমপক্ষে পাঁচটি পেপারে গড়ে “B”এবং GCE “A” লেভেল পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিতে গড়ে “B” গ্রেড পেয়ে পাশ করিতে হইবে । কোন বিষয়ে ‘D’ গ্রেড গ্রহণযোগ্য হইবে না । ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজী অনুষদ কর্তৃক সমমানের সনদপত্র (Equivalent Certificate) আবেদনের সহিত দাখিল করিতে হইবে ।

৫. শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সামরিক কর্তকর্তাদের জন্য কেবলমাত্র একটি আসন (যে কোন বিভাগে) সংরক্ষিত থাকিবে । তবে সংরক্ষিত আসনে কোন ছাত্র/ছাত্রী ভর্তি না হইলে উক্ত আসনে মেধাতালিকা হইতে ভর্তি করানো হইবে ।

আবেদন করিবার নিয়মাবলী ঃ

১৫-১১-২০১০ ইং হইতে ২২-১২-২০১০ইং তারিখ পর্যন্ত ভর্তির আবেদন ফরম কলেজ ওয়েব সাইট (www.bclt.com.bd) থেকে Download করা যাইবে এবং তা A4 আকারের ৮০ (আশি) গ্রাম মানের সাদা অফসেট কাগজে প্রিন্ট নিতে হইবে্ । ডাউনলোডকৃত আবেদন ফরম যথাযথভাবে স্বহস্তে কালো কালির কলম দ্বারা পূরণ করে নির্ধারিত ফি ৩০০/- টাকা প্রদান করে জমাদান রশিদ এবং সংশ্লিষ্ট দলিলাদি জমা দিয়ে অত্র কলেজের রেজিষ্ট্রার অফিস হইতে প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে । ভর্তির নিয়মাবলী এবং ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্যাদি কলেজ ওয়েব সাইট হইতে সংগ্রহ (ডাউনলোড) করিতে হইবে। ভর্তির নিয়মাবলী এবং ভর্তির আবেদন ফরম কলেজ হইতেও সংগ্রহ করা যাইবে ।

আবেদন পত্রের সহিত যে সমস্ত প্রমাণ পত্র দাখিল করিতে হইবে ঃ

১. এস.এস.সি. ও এইচ.এস.সি. অথবা সমমানের পরীক্ষার পাশের সনদপত্র/সাময়িক সনদ পত্রের সত্যায়িত কপি ।

২. বোর্ড হইতে প্রাপ্ত এস.এস.সি. ও এইচ.এস.সি. অথবা সমমানের পরীক্ষার নম্বর পত্র/গ্রেড শীট এর সত্যায়িত কপি ।

৩. সদ্য তোলা পাস পোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি ।

ভর্তি পরীক্ষার প্রার্থী বাছাইঃ

কলেজ কর্তৃপক্ষ সকল আবেদনপত্র যাচাই-বাছাই করিবে । যাচাই বাছাইয়ের পর বাতিলকৃত আবেদনকারীদের তালিকা কলেজ নোটিশ বোর্ডে/ওয়েব সাইটে ০১-০১-২০১০ইং তারিখ রোজ সোমবার দুপুর ২:০০ ঘটিকায় জানাইয়া দেওয়া হইবে ।

লিখিত পরীক্ষার বিষয় সমূহ ঃ

বিষয়	নম্বর
রসায়ন	৯০
পদার্থ বিদ্যা	৪৫
গণিত	৪৫
ইংরেজী	২০
মোট =	২০০

ভর্তি পরীক্ষা ২০১০ ইং সালের বিজ্ঞান বিভাগের এইচ.এস.সি/সমমানের পরীক্ষার সিলেবাস অনুযায়ী Multiple choice question (**MCQ**) পদ্ধতিতে অনুষ্ঠিত হইবে । পরীক্ষার হলে সায়েন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করা যাইবে । পরীক্ষা চলাকালীন সময়ে কোনক্রমেই মোবাইল ফোন ব্যবহার করা যাইবে না ।

ভর্তি পরীক্ষা ও ফল প্রকাশের সময়সূচী ঃ

পরীক্ষার তারিখ	পরীক্ষার সময়কাল	ফলাফল প্রকাশের তারিখ
১৪-০১-২০১১ইং রোজ শুক্রবার	সকাল ১০:০০ ঘটিকা হইতে দুপুর ১১:৩০ ঘটিকা পর্যন্ত	পরীক্ষার দিন পরীক্ষার হলে জানানো হইবে ।

পরীক্ষার কেন্দ্র ও আসন বিন্যাস ঃ কেন্দ্রঃ বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজী, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা ও গ্লাস-সিরামিকস ইনস্টিটিউট এবং গ্রাফিক-আর্টস ইনস্টিটিউট, ঢাকা।
আসনবিন্যাসঃ ১০-০১-২০১১ইং তারিখ কলেজ নোটিশ বোর্ড এবং কলেজ ওয়েবসাইটে প্রকাশিত হইবে ।

প্রার্থী নির্বাচন ঃ

১. ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের সহিত এস.এস.সিতে জিপিএ (চতুর্থ বিষয় বাদে) এর ৮ গুণ এবং এইচ.এস.সিতে প্রাপ্ত জিপিএ (চতুর্থ বিষয় বাদে) ১২ গুণ যোগ করে মেধা তালিকা প্রণয়ন করা হইবে ।

২. মোট আসনের ১০% মহিলা ও উপ-জাতীয়দের (দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় সনদ পত্র প্রদান সাপেক্ষে) জন্য একটি ও মুক্তিযোদ্ধা কোটায় প্রতিটি বিভাগে কেবলমাত্র একটি আসন সংরক্ষিত থাকিবে। তবে পরীক্ষার্থীকে ভর্তি পরীক্ষায় কম পক্ষে ২৫% নম্বর পাইতে হইবে ।

ভর্তির নিয়মাবলী ঃ

১. নির্বাচিত প্রার্থীকে ভর্তির পূর্বে ১০০/-(একশত) টাকা ফি প্রদান পূর্বক কলেজের মেডিকেল অফিসারের নিকট হইতে শারীরিক সুস্থ্যতার সনদ পত্র গ্রহণ করিতে হইবে । শারীরিক সুস্থ্যতার সনদ পত্র গ্রহণে ব্যর্থ হইলে ভর্তির অযোগ্য বলিয়া বিবেচিত হইবে ।

২. নির্বাচিত প্রার্থীদেরকে আগামী ১৯-০৩-২০১১ইং তারিখ হইতে ২৯-০৩-২০১১ইং তারিখের মধ্যে ভর্তি হইতে হইবে । কোন প্রার্থী উক্ত সময়ের মধ্যে ভর্তি হইতে ব্যর্থ হইলে তাহার নির্বাচন বাতিল বলিয়া গণ্য হইবে । ০২-০৪-২০১১ইং তারিখ হইতে ০৬-০৪-২০১১ইং তারিখ পর্যন্ত অপেক্ষমান তালিকার আগ্রহী প্রার্থীদের আবেদন পত্র গ্রহণ করা হইবে । আবেদনকারীদের মধ্য হইতে মেধাক্রমানুসারে ০৮-০৪-২০১১ইং তারিখ হইতে ১৫-০৪-২০১১ ইং পর্যন্ত খালি আসন সমূহে ভর্তি করা হইবে। পরবর্তীতে আসন সংখ্যা শূন্য থাকিলে পুণরায় অপেক্ষমান তালিকাগুলো হইতে পর্যায়ক্রমে আবেদন পত্র গ্রহণ পূর্বক মেধাক্রমে ভর্তি করা হইবে ।

৩. ভর্তির সময় প্রত্যেক প্রার্থীকেই তাহার এস.এস.সি. ও এইচ.এস.সি. বা সমমানের পরীক্ষার মূল সনদপত্র ও নম্বরপত্র/গ্রেড শীট প্রদর্শণ এবং সংরক্ষণের জন্য কলেজে অবশ্যই জমা দিতে হইবে । তাহার নাগরিকত্ব ও অভিভাবকের আয়ের সনদপত্রও জমা দিতে হইবে ।

৪. নির্বাচিত প্রার্থীদের ভর্তির জন্য ১০,০০০/-(দশ হাজার) টাকা প্রয়োজন হইবে ।

৫. ভর্তি সম্পর্কে বিস্তারিত তথ্য জানার জন্য অত্র কলেজের একাডেমিক শাখায় যোগাযোগ করা যাইতে পারে । এ সংক্রান্ত নিয়মাবলী ভর্তি ফরমের সহিত সরবরাহকৃত নির্দেশিকায় পাওয়া যাইবে ।

৬. ভর্তি সংক্রান্ত কোন পরিবর্তন/পরিবর্ধন থাকিলে তাহা কলেজ নোটিশ বোর্ড-এ পাওয়া যাইবে।

৭. বর্ণিত শিক্ষা বর্ষে ছাত্র/ছাত্রীদের ক্লাস শুরু হওয়ার সম্ভাব্য তারিখ ঃ ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর জানানো হইবে। ।

৮. ছাত্রাবাসে সীট সীমিত থাকায় খালি সীট (যদি থাকে) আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক বরাদ্দ দেওয়া হইবে ।

৯. ক্লাস শুরু হওয়ার ১৫ (পনের) দিনের মধ্যে কোন ছাত্র/ছাত্রী ক্লাসে উপস্থিত হইতে ব্যর্থ হইলে তাহার ভর্তি সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে । এ ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের অনুমোদন সাপেক্ষে শূন্য আসনে (যদি থাকে) অপেক্ষমান তালিকা হইতে মেধাক্রমানুসারে ভর্তি করা হইবে । ক্লাশ শুরুর ৩০ (ত্রিশ) দিন অতিবাহিত হইবার পর কোনক্রমেই নতুন কোন ছাত্র/ছাত্রী ভর্তি করা হইবে না ।

১০. ভর্তির ব্যাপারে ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া গণ্য হইবে ।

(অধ্যাপক ড. মোঃ ইদ্রীস আলী)
চেয়ারম্যান, ভর্তি কমিটি
এবং
অধ্যক্ষ
বাংলাদেশ কলেজ অব লেদার টেকনোলজী
হাজারীবাগ, ঢাকা-১২০৯।
ফোনঃ ৯৬১৩৭২৮ ।
www.bclt.com.bd